

## বিশেষ অনুশীলন-১

শ্রেণি: ৫ম  
বিষয়: বাংলা

### সিলেবাস:

গদ্যঃ	পদ্যঃ
১। এই দেশ এই মানুষ	১। সংকল্প
২। সুন্দরবনের প্রাণী	২। ফুটবল খেলোয়াড়
৩। হাতি আর শিয়ালের গল্ল	

আবেদন পত্র: সিলেবাসের ১ ও ২

রচনা: ১। আমাদের দেশ ও ২। স্বদেশ প্রেম

[ বিঃ দ্রঃ প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার প্রশ্নকাঠামো অনুযায়ী প্রস্তুতি নিতে হবে।  
বাংলা বোর্ড বই ও দ্বিতীয় পত্র বই পড়তে হবে। ]

## বিশেষ অনুশীলন-১

শ্রেণি: ৫ম  
বিষয়: বাংলা

সময়: ১ ঘণ্টা ১৫ মিনিট

পূর্ণমান: ৫০

নিচের অনুদেচ্ছাটি পড় এবং ১ ও ২ নং ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখোঃ  
বিশ্বের কোনো কোনো প্রাণীর সঙ্গে জড়িয়ে থাকে দেশের নাম বা জায়গার নাম। যেমন, ক্যাঙ্গারু বললেই  
মনে পড়ে যায় অস্ট্রেলিয়ার কথা। সিংহ বললেই মনে ভোসে উঠে আফ্রিকার কথা। তেমনি বাংলাদেশের  
নামের সাথে জড়িয়ে আছে রংয়েল বেঙ্গল টাইগার বা রাজকীয় বাঘের নাম। এই বাঘ থাকে সুন্দরবনে। এ  
বাঘ দেখতে যেমন সুন্দর, তেমনি আবার ভয়ঙ্কর। এর চালচলনও রাজাৰ মতো। সুন্দরবনের ভেজা  
স্যাঁতসেঁতে গোলপাতার বনে এ বাঘ ঘুরে বেড়ায়। শিকার করে জীবজন্ম, সুযোগ পেলে মানুষও খায়। এক  
সময় সুন্দরবনে ছিল চিতাবাঘ ও ওলবাঘ। কিন্তু এখন আর এসব বাঘ দেখা যায় না। সুন্দরবনের রংয়েল  
বেঙ্গল টাইগার বাংলাদেশের অমূল্য সম্পদ। এ বাঘকে বিলুপ্তির হাত থেকে আমাদের বাঁচাতে হবে।

১। নিচের শব্দগুলোর অর্থ লেখো ( যেকোনো পাঁচটি ) :  
বিশ্ব, সঙ্গে, ভয়ঙ্কর, স্যাঁতসেঁতে, অমূল্য, বিলুপ্তি, বন

$1 \times 5 = 5$

২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখোঃ

$2+8+8=10$

ক) সিংহ ও ক্যাঙ্গারু বললেই কোন কোন দেশের কথা মনে হয়?

খ) বাংলাদেশের নামের সাথে কোন প্রাণীর নাম জড়িয়ে আছে? এর সম্পর্কে যা জান লেখো।

গ) ক্যাঙ্গারু সম্পর্কে চারটি বাক্য লেখো।

৩। নিচের ক্রিয়াপদগুলোর চলিতরূপ লেখো ( যেকোনো পাঁচটি )ঃ  
হাসিতেছে ,হইলো ,ভালোবাসিব , করিবে , থাকিব , রহিয়াছে কাঁদিয়াছেন ।

১× ৫=৫

৪। নিচের শব্দগুলোর বিপরীত শব্দ লেখো ( যেকোনো পাঁচটি )ঃ  
সার্থকতা , শ্রদ্ধা , প্রচুর , ভয় , স্বাধীন , ক্ষত , ধীরে ।

১ × ৫=৫

৫। এক কথায় প্রকাশ করো ( যেকোনো পাঁচটি )ঃ  
লোকজনের বসতি রয়েছে এমন স্থান –

১× ৫=৫

জন্ম দেন যিনি –

যা লোপ পেয়েছে -

যার মূল্য নির্ধারণ করা যায় না –

জয় করবার ইচ্ছা-

বিনীত নয় যে –

খেলায় পারদর্শী –

৬। মনে কর , তোমার নাম জনি/ জেনিয়া । তুমি নবাবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির  
ছাত্র/ছাত্রী । তুমি জুরে আক্রান্ত হওয়ায় তিন দিন স্কুলে যেতে পারনি । এই অনুপস্থিতিজনিত ছুটি  
মণ্ডেজুরের জন্য প্রধান শিক্ষকের নিকট একটি আবেদনপত্র লেখো ।

৫

৭। মনে কর , তোমার নাম রাজু/ রোজি । তুমি ফুলকলি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির  
ছাত্র/ছাত্রী । তুমি স্কুলের পাঠাগারের সদস্য হতে চাও । পাঠাগার থেকে তোমাকে একটি ফরম দিয়েছে।  
ফরমটি পূরণ করো ।

৫

ফুলকলি সরকারি প্রাথমিক বিদ্যালয়  
পাঠাগারের সদস্য ফরম

১। নামঃ

২। মাতার নামঃ

৩। পিতার নামঃ

৪। জন্মতারিখঃ

৫। বর্তমান ঠিকানাঃ

৬। শ্রেণিঃ , রোল নংঃ

শ্রেণিশিক্ষকের স্বাক্ষর

শিক্ষার্থীর স্বাক্ষর

৮। রচনা লেখো ( ২০০ শব্দের মধ্যে )ঃ

১০

আমাদের দেশঃ সুচনা ---অবস্থান ও আয়তন ---ভূপ্রকৃতি ও নদ-নদী ---প্রাকৃতিক সৌন্দর্য ---উপসংহার ।